

যেভাবে জানা যাবে এসএসসি পরীক্ষার ফল

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার

ফল প্রকাশিত হবে আগামী বৃহস্পতিবার (১০ জুলাই)। ওই দিন

দুপুর ২টায় একযোগে অনলাইনে ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে

ফল জানা যাবে।

মঙ্গলবার (৮ জুলাই) ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার এক বিজ্ঞপ্তিতে এ

বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল দেখার পদ্ধতি

জানিয়েছেন।

এতে বলা হয়েছে, পরীক্ষার্থীরা ওয়েবসাইট ও এসএমএস-এই

দুই পদ্ধতিতে সহজেই ফল জানতে পারবে।

একইসঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানগুলো তাদের প্রতিষ্ঠানের ফলাফল
অনলাইনে ডাউনলোড করতে পারবে। এরমধ্যে, ফল জানার
প্রথম পদ্ধতি হলো, ঢাকা শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইট
(www.dhakaeducationboard.gov.bd)। এই
ওয়েবসাইটে গিয়ে ‘রেজাল্ট কর্নার’-এ ক্লিক করে প্রতিষ্ঠান
প্রধানরা তাদের ইআইআইএন (EIIN) নম্বর ব্যবহার করে
প্রতিষ্ঠানের সামগ্রিক ফলাফল ডাউনলোড করতে পারবেন।

আর দ্বিতীয়ত, শিক্ষার্থীরা শিক্ষা বোর্ডের কেন্দ্রীয় ওয়েবসাইট
(www.educationboardresults.gov.bd)-এ প্রবেশ করে
নিজেদের রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ব্যক্তিগত ফল
জানতে পারবে।

তৃতীয়ত, ফল জানার জন্য এসএমএস পদ্ধতিও চালু থাকবে।
মোবাইল ফোনে লিখতে হবে: SSC [বোর্ডের প্রথম তিন অক্ষর]
[রোল নম্বর] [সাল] এবং তা পাঠাতে হবে ১৬২২২ নম্বরে।

উদাহরণস্বরূপ, ঢাকা শিক্ষা বোর্ডের একজন পরীক্ষার্থী যদি তার
রোল নম্বর ১২৩৪৫৬ হয়, তবে এসএমএসটি হবে – SSC
Dha 123456 2025 এটি পাঠাতে হবে ১৬২২২ নম্বরে।

ফল প্রকাশের সঙ্গে সঙ্গে কেন্দ্র সচিব ও প্রতিষ্ঠান প্রধানরা বোর্ডের
নির্ধারিত ওয়েবসাইট থেকে ফলাফল সংগ্রহ করবেন এবং
প্রতিষ্ঠান থেকে পরীক্ষার্থীদের জানিয়ে দেওয়া হবে।

প্রসঙ্গত, এবার ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি
পরীক্ষায় অংশ নিয়েছে ১৪ লাখ ৯০ হাজার ১৪২ জন। এর মধ্যে
ছাত্র ৭ লাখ ১ হাজার ৫৩৮ জন এবং ছাত্রী ৭ লাখ ৮৮ হাজার
৬০৪ জন। ২ হাজার ২৯১টি কেন্দ্রে ১৮ হাজার ৮৪টি প্রতিষ্ঠানের
এসব শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নিয়েছে।